



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিখিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

বাংলাদেশ ব্যাংক ও ফাইন্যান্স
কর্পোরেশন লিমিটেড
(পাবলিক ডেপোজিট লেন্ডার)

সাকুলার লেটার নং-এফআরটিএমডি-০১/২০০৮-৭১৭

তারিখ : ০৫ মার্চ, ২০০৮

বাংলাদেশে কার্যরত সকল প্রাইমারী ডিলার,

প্রিয় মহোদয়গণ,

প্রাইমারী ডিলারদের বিশেষ তারল্য সুবিধা প্রদান প্রসংগে।

সরকারী ট্রেজারী বিদ্য ও বস্তুর ইস্যু পরবর্তী ক্রয়-বিক্রয়ে নিয়োজিত প্রাইমারী ডিলারদের কার্যপদ্ধতি সংক্রান্ত গাইডলাইনস্ সংশোধন বিষয়ে জুন ২৫, ২০০৭ তারিখে জারিকৃত পরিপত্র নং-এফআরটিএমডি-০২/২০০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্রের Appendix 1.2 এ বর্ণিত বিধিবিধান এর সূত্রে প্রাইমারী ডিলারদের বিশেষ তারল্য সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে এখন থেকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে :

১। বিশেষ তারল্য সুবিধা গ্রহণের জন্য প্রাইমারী ডিলারদের প্রেরিতব্য আবেদনপত্রের সাথে পরিশিষ্ট-খ মোতাবেক যাচিতি তথ্যাদি দাখিল করতে হবে এবং আবেদনপত্রে "শুধুমাত্র সরকারী সিকিউরিটিজের devolveকৃত দার গ্রহণের জন্য স্ট্রু তারল্য সংকটের কারণে বিশেষ তারল্য সুবিধা প্রাপ্তির আবেদন করা হয়েছে"- মর্মে ঘোষণা দিতে হবে।

২। যে তারিখে সিকিউরিটিজ লিমেন রেখে বিশেষ তারল্য সুবিধা গ্রহণ করা হবে সেই তারিখে একই সিকিউরিটিজ বাংলাদেশ ব্যাংকের নিকট বিক্রয়ের প্রস্তাব করা যাবে না।


৩। সরকারী সিকিউরিটিজ এর সেকেন্ডারী ট্রেডিং এ সক্রিয় অংশগ্রহণ ব্যতিরেকে বিশেষ তারল্য সুবিধা লাভের আবেদন অনুকূলে বিবেচিত নাও হতে পারে।

৪। বিশেষ তারল্য সুবিধার জন্য লিমেনযোগ্য সিকিউরিটিজের হিসাবায়নকৃত বর্তমান বাজারমূল্যের (Present Value) শতকরা ৯৫ ভাগ পর্যন্ত তারল্য সুবিধা প্রদানযোগ্য হবে।

পরিপত্র নং- এফআরটিএমডি-০২/২০০৭ তারিখ ২৫/০৬/২০০৭ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।


(মোঃ কামাল হোসেন)
মহান্যবস্থাপক
ফোন : ৭১২০৩৫৭

Amount of Govt. Securities devolved as on application date	Holding of Govt. Securities as on application date	Amount of devolved securities used in SLR as on application date	Required minimum stock of securities	Amount of securities eligible for liquidity support	Amount applied for liquidity support	Cash in hand & balance with Bangladesh Bank as on application date	CRR Requirement in previous week	Amount of T. bill & bond to be matured as on application date	Other repayment obligations as on application date
1	2	3	4	5=2-(3+4)	6	7	8	9	10
		• • •				• • •			